গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৪১.০০১.১৭.২৪৫ তারিখ: ১৯ ভাদ্র ১৪২৬
০৩ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: **ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে পানির সংকট নিরসনের জন্য পানির লাইন সংস্কার করা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ ১৯৬০ সালে প্রতিষ্ঠিত। কলেজের ০৫ টি ছাত্রাবাসে (হাউস) প্রায় ৮০০ জন আবাসিক ছাত্র এবং প্রায় ১০০০ জন শিক্ষক-কর্মকর্তা পরিবারসহ কলেজ এর অভ্যন্তরে বসবাস করছেন। কলেজের অভ্যন্তরের পানির লাইন ৫৯ বছরের পুরানো। উক্ত লৌহ নির্মিত পানির লাইন বেশির ভাগই মরিচা ধরায় পানির সরবরাহ বিঘ্নিত হচ্ছে। পুরাতন পানির লাইনে পানি সরবরাহ কম থাকায় প্রায়শই আবাসিক ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা খুবই অসুবিধার সম্মুখীন হতে হয়। কলেজের নিজস্ব তহবিল হতে পুরাতন পানির লাইন এর পরিবর্তে নতুন লাইন স্থাপন সম্ভব নয় মর্মে অধ্যক্ষ জানিয়েছেন।

এমতাবস্থায়, ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের আবাসিক ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পানির সংকট নিরসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩-৯-২০১৯
মূকেশ চন্দ্র বিশ্বাস
যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৯৫৭৭৪২৫

সচিব
সচিবের দপ্তর
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৪১.০০১.১৭.২৪৫/১(৪) তারিখ: ১৯ ভাদ্র ১৪২৬
০৩ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩) অধ্যক্ষ, ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ, মোহাম্মদপুর, ঢাকা।
৪) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩-৯-২০১৯
মুকেশ চন্দ্র বিশ্বাস
যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)